যুগান্তর

তারিখ 17 JAN 2016
পৃষ্ঠা 20 কলাম 3

# ঢাবির ৬০ শিক্ষকের চাকরির পরিসমাপ্তি

## পাওনা সাড়ে চার কোটি টাকা পরিশোধে চিঠি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে শিক্ষাছুটি নিয়ে বিদেশে যাওয়া এবং পরে বিশ্ববিদ্যালয়ে যোগদান না করায় ৬০ জন শিক্ষকের চাকরির পরিসমাপ্তি করা হয়েছে। শিক্ষা ঋণসহ অন্যান্য বাবদ এসব শিক্ষকের কাছে বিশ্ববিদ্যালয়ের পাওনা প্রায় সাড়ে চার কোটি টাকা। একাধিকবার চিঠি দেয়া হলেও তারা পাওনা টাকা পরিশোধ করেননি। রোববার বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের **পরিসমাপ্তি : পৃষ্ঠা ১৯ : কলাম ১**

## পরিসমাপ্তি : শিক্ষকের চাকরির

**(শেষ পৃষ্ঠার পর)**

ভারপ্রাপ্ত পরিচালক ড. নূর ইসলাম প্রেরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ৬০ জন শিক্ষকের কাছে বিশ্ববিদ্যালয়ের পাওনা ৪ কোটি ৩৮ লাখ ৬৬ হাজার ৯৪৭ টাকা ৫০ পয়সা। কিন্তু বারবার তাগাদা দেয়া সত্ত্বেও তারা ওই টাকা পরিশোধ করেননি। ইতিমধ্যে সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী অনতিবিলম্বে সুদসহ বিশ্ববিদ্যালয়ের পাওনা টাকা পরিশোধের জন্য তাদের একাধিকবার চিঠি দেয়া হয়েছে। টাকা পরিশোধ না করা পর্যন্ত সুদের পরিমাণ বাড়তে থাকবে বলেও জানানো হয়।

এ বিষয়ে জানতে চাইলে ঢাবি ভিসি অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক যুগান্তরকে বলেন, বিভিন্ন সময় এদের চাকরিচ্যুত করা হয়েছে। এদের কারও আর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার সুযোগ থাকবে না। যদি তারা বিশ্ববিদ্যালয়ের প্রাপ্য টাকা না দেন সেক্ষেত্রে তাদের বিরুদ্ধে অর্থ মামলা করা হবে।

বিজ্ঞপ্তিতে উল্লিখিত তালিকায় বেশি পাওনা রয়েছে এমন কয়েকজন হলেন— আমিনুল ইসলাম মল্লিক (প্রাক্তন সহকারী অধ্যাপক, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ) ১৫ লাখ ৮৪ হাজার ২৮৭ টাকা, ড. হোসনে আরা বেগম (প্রাক্তন সহযোগী অধ্যাপক, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট) ১৫ লাখ ২০ হাজার ৩১০ টাকা, আরিফুর রহমান (প্রাক্তন সহকারী অধ্যাপক, অ্যাকাউন্টিং অ্যান্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ) ১৪ লাখ ২১ হাজার ১০৩ টাকা, খন্দকার মো. ইসতিয়াক (প্রাক্তন সহকারী অধ্যাপক, অর্থনীতি বিভাগ) ১৩ লাখ দুই হাজার ৯৮৫ টাকা, মোস্তাইম বিল্লাহ (প্রাক্তন সহকারী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ) ১২ লাখ ৪৬ হাজার ৮৩ টাকা, আলমগীর রহমান (প্রাক্তন সহকারী অধ্যাপক, অণুজীববিজ্ঞান বিভাগ) ১২ লাখ ৪৮ হাজার ৮২ টাকা, ড. মো. হানিফ উদ্দিন (প্রাক্তন অধ্যাপক, তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ) ১০ লাখ ৯৫ হাজার ৮২ টাকা, তানজিম আফরোজ (প্রাক্তন প্রভাষক, আইন বিভাগ) ১০ লাখ ২৩ হাজার ৩৫২ টাকা, মাহমুদ বিন সাঈদ (প্রাক্তন সহকারী অধ্যাপক, আরবি বিভাগ) ১০ লাখ ২২ হাজার ৮৮৪ টাকা, কাজী আমিনুর রহমান (প্রাক্তন সহকারী অধ্যাপক, গণিত বিভাগ) ১০ লাখ ১৭২ টাকা, মন্ময় জাফর (প্রাক্তন সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ) ৯ লাখ ৩৪ হাজার ২৬৮ টাকা, ড. নাসরিন ইসলাম খান (প্রাক্তন সহযোগী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিভাগ) ৮ লাখ ৯৩ হাজার ৯১ টাকা।